



বাংলাদেশ ব্যাংক

(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)

প্রধান কার্যালয়

মতিঝিল, ঢাকা-১০০০

বাংলাদেশ

www.bb.org.bd

আর্থিক প্রতিষ্ঠান ও বাজার বিভাগ

ডিএফআইএম সার্কুলার লেটার নং-১৬

১২ শ্রাবণ ১৪২৯

তারিখঃ

২৭ জুলাই ২০২২

প্রধান নির্বাহী/ব্যবস্থাপনা পরিচালক
বাংলাদেশে কার্যরত সকল আর্থিক প্রতিষ্ঠান।

আর্থিক প্রতিষ্ঠান পরিচালনায় বিদ্যুৎ ও জ্বালানি সাশ্রয় প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

বর্তমান বৈশ্বিক অর্থনৈতিক অবস্থার প্রেক্ষাপটে ২০২২-২৩ অর্থবছরে পরিচালন ও উন্নয়ন বাজেটের কতিপয় ব্যয় সাশ্রয়/হ্রাসকরণ প্রসঙ্গে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার-এর অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ, বাজেট অনুবিভাগ-১, অধিশাখা-১-এর ২১/০৭/২০২২ তারিখের স্মারক নং-০৭.১০১.০২০.০০.০০.০০১.২০০৯-১৬ এ বর্ণিত নির্দেশনার সাথে সঙ্গতি রেখে আপনাদেরকে নিম্নবর্ণিত নির্দেশনা প্রদান করা হলোঃ

ক) প্রতিষ্ঠানের সার্বিক পরিচালনায় বিদ্যুৎ ও জ্বালানি সাশ্রয়ে সর্বোচ্চ যত্নবান হতে হবে;

খ) বিদ্যুৎ ও জ্বালানি খাতে প্রতিষ্ঠানের বরাদ্দকৃত অর্থের ন্যূনতম ২৫% সাশ্রয় করতে হবে; এবং

গ) বর্ণিত খাতসমূহে বরাদ্দকৃত অর্থ অন্য কোন খাতে পুনঃউপযোজন করা যাবে না।

২। পরবর্তী নির্দেশনা প্রদান না করা পর্যন্ত এ আদেশ বলবৎ থাকবে।

৩। আর্থিক প্রতিষ্ঠান আইন ১৯৯৩ এর ১৮(ছ) ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো, যা অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত

(মোঃ জুলকার নায়েন)

পরিচালক (ডিএফআইএম)

ফোনঃ ৯৫৩০১৭৮